২১। যে ব্যক্তি কাজ করার ভান দেখায় মাত্র অথচ তার পূর্বে সে নিজেই আহত হয়, তার ক্ষেত্রে প্রযোজ্য।

২২। যার অন্ন, বস্ত্রের সংস্থান নেই সেই ব্যক্তিও যখন বিলাসিতা যাচ্ঞা করে তখন বলা হয়।

২৩। যখন কেউ সামান্য ঘটনাকে কেন্দ্র করে বিরাট আড়ম্বর দেখায়, অকিঞ্চিৎকর কোন বিবাহ উপলক্ষ্যে কেউ যদি তার সমস্ত অলংকারে সজ্জিত হয়, প্রবাদটি প্রযোজ্য হয়।

২৪। কেউ যখন তার করণীয় কর্তব্য অবহেলা করে যা করণীয় নয় তাতে নিজেকে ব্যস্ত রাখে তখন বলা হয়।

২৫। অন্যের সম্পদ কেউ যখন কৌশলে আয়ত্ত করতে সচেষ্ট হয়, তখন প্রযুক্ত হয়।

২৬। সর্বদা যাকে অবিবেচকরূপে দেখা যায়, সেই ব্যক্তি যখন চিন্তাশীল ও যত্নবান হতে প্রণোদিত হয়, তখন বলা হয়।

২৭। একজন যে অন্যকে প্রতারিত করে কিছু লাভ করেছে, তার সেই লব্ধ ধন যদি দ্বিতীয় কেউ প্রতারণা করে হস্তগত করে তখন বলা হয়।

২৮। সহজবোধ্য বিষয়কে জানার জন্য কষ্টসাধ্য পদ্ধতি অবলম্বনকারীর ক্ষেত্রে প্রযোজ্য।

২৯। সম্মানিত ব্যক্তির অপযশে রত নিম্ন শ্রেণীর মানুষের ক্ষেত্রে প্রযোজ্য।

৩০। যখন কেউ নীচু স্তরের মানুষের প্রশংসা কোনো উল্লেখযোগ্য ব্যক্তির

কাছ থেকে শুনে করে, তখন বলা হয়।

৩১। সাধারণ মানুষের বিরুদ্ধে যখন গুরুতর অপরাধ আনয়ন করা হয়, তখন বলা হয়।

৩২। নীচু স্তরের কোনো মানুষ যখন অন্যের কোনো সম্পদকে নিজের বলে চালাতে চেষ্টা করে তখন বলা হয়।

৩৩। বিখ্যাত ব্যক্তি যখন দুর্ভাগ্যের শিকার হয়, তখন প্রযুক্ত হয়।

৩৪। নষ্টামিতে এগিয়ে থাকা পাপিষ্ঠের ক্ষেত্রে প্রযোজ্য।

৩৫। শত্রুর আকস্মিক দুর্ঘটনায় যখন কেউ আনন্দিত হয়, প্রবাদটি বলা হয়।

৩৬। বিশেষ ব্যক্তি ছাড়া কোনো কাজ সম্পাদন হবে না—এইরূপ মানসিকতাকে ব্যঙ্গ করতে এই প্রবাদের ব্যবহার হয়।

৩৭। অনিপুণভাবে সম্পাদিত জগন্নাথদেবের বিগ্রহ থেকেই বোঝা যায় দেব-শিল্পী বিশ্বকর্মা কত বড় কারিগর! অবিবেচক ব্যক্তির সামর্থ্য প্রসঙ্গে যখন অপরিমেয় প্রশংসা বর্ষিত হয়, তখন উক্ত হয় প্রবাদটি।

৩৮। শয়তানের বাদ বিচার করতে গেলে দেখা যাবে নগর জনহীন।

৩৯। একজনের কাছে যা উপকার অন্যের কাছে তাই ধ্বংসের হলে বলা হয়।

৪০। যাকে দাক্ষিণ্য দেখান হচ্ছে সে যদি তাতে উপকৃত বলে বিবেচনা না করে এবং দাক্ষিণ্য প্রদর্শনকারী এতে আঘাতপ্রাপ্ত হলে উক্ত হয়।

৪১। যখন দুই শয়তান পরস্পরকে পর্যুদস্ত করার প্রয়াস করে ব্যর্থ হয় তখন উক্ত হয়।

৪২। যখন কোনো দীন ও নীচ ব্যক্তি সম্পন্ন ব্যক্তির আবির্ভাবের কল্পনা করে।

৪৩। অনবহিত অথবা পাপিষ্ঠ ব্যক্তি জ্ঞানী এবং মহৎ ব্যক্তির সংস্পর্শে উন্নত হতে পারে।

৪৪। সেইসব বস্তু অথবা ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য যাদের বহিরাকৃতিতে আকর্ষণীয় বলে মনে হলেও আসলে অক্ষম এবং অসার।

৪৫। ব্যঙ্গোক্তি, যখন কেউ অসম্ভব কিংবা অপ্রাপনীয় কিছু পাবার আশা করে, তখন প্রযোজ্য হয়।

৪৬। যখন কেউ বিখ্যাত কারো উপস্থিতির কারণে, অথবা দূরভ্রমণের সূত্রে নিতান্ত অকিঞ্চিৎকর কিছু লাভ করে, বলা হয়।

৪৭। ব্যক্তিবিশেষের কর্মে নিযুক্ত থাকার দৌলতে যখন কেউ বিশেষভাবে লাভবান হয়েও অসন্তুষ্ট থাকে, তখন উক্ত হয়।

৪৮। যে নির্বোধ বিশেষ পরিশ্রম সাপেক্ষ কোনো কাজ কিংবা অতিশয় মূল্যবান সম্পদ স্বল্প আয়াসে অথবা মূল্যে লাভ করার চেষ্টা করে, তখনই এটি প্রযুক্ত হয়।

৪৯। কোনো ব্যক্তি যখন তাদের নিজের আত্মীয় বা স্বজনের নিন্দা করে, তখন বলা হয়।

৫০। যে কাজ একজন সম্পাদন করে কঠিন আয়াসে, সেই কাজই যখন অধিকতর শক্তিশালী ব্যক্তি কর্তৃক অনায়াসে সাধিত হয়, তখন বলা হয় এটি।

৫১। অনেকের ক্ষুদ্র ক্ষুদ্র দান ও আনুকূল্যে যখন দরিদ্র ব্যক্তি বিশেষের

অনেকখানি উপকার হয়, তখন প্রযুক্ত হয়।

৫২। গুরুত্বপূর্ণ লাভের পরও কোন অর্থগৃধ্নু যখন সামান্য কিছু দয়ার প্রত্যাশা করে তখন প্রযুক্ত হয়।

৫৩। সামান্য বুদ্ধির অধিকারী ব্যক্তি যদি অন্যের সঙ্গে বিবাদে প্রচণ্ড রাগ দেখায়, যেমনটি বিষহীন হয়েও যদি কোনো সাপ রাগে তার গলা ফোলায়।

৫৪। নানা অসুবিধার সম্মুখীন যে ব্যক্তি তার ক্ষেত্রে প্রযোজ্য।

৫৫। ব্যক্তিগতভাবে কারো সঙ্গে সংযুক্তি ঘটলে মানুষ আর তার জন্ম কিংবা গুণের বিচার করে না।

৫৬। দীর্ঘদিন ধরে যে যা আচরণ করে লাভবান হয়েছে, সেই আচরণের জন্যই যদি তাকে দোষারোপ করা হয়, তখন এটি বলা হয়।

৫৭। কোনো ব্যক্তি যখন তার ইচ্ছা অথবা চাহিদার কথা লজ্জার কারণে প্রকাশে ইতস্ততঃ করে।

৫৮। ভ্রষ্ট অথবা নিম্নজাতির মানুষের মন্দ প্রকৃতি সম্পর্কে প্রযোজ্য।

৫৯। যখন কোনো আগন্তুক এমন কোনো বিষয়ে অংশ গ্রহণ করে, যার সঙ্গে তার কোনো সংস্রব নেই, অথবা কোনো প্রকার দান ব্যতিরেকেই যদি তার সুফলের ভাগী হয় তখন তার অবস্থার সঙ্গে তুলনা করা হয় সেই ব্যক্তির, যে নাকি পুণ্যস্নান ব্যতিরেকেই সম্মানিত ব্যক্তিদের সঙ্গে একত্রে শয়ন করে।

৬০। ক্ষুদ্র বিষয় নিয়ে অতিরিক্ত হৈ চৈ করলে প্রযোজ্য হয়।

৬১। লাভের জন্য মানুষ নীচ কাজও করে।

৬২। লাভের জন্য মানুষ অনেক সময় অপছন্দের কাজও করে।

৬৩। প্রতিটি মানুষ তার নিজের কাজ সর্বোত্তমভাবে করতে পারে, সেই কাজ অন্যের দ্বারা তেমনভাবে সম্পাদিত হয় না।

৬৪। অনুশীলনের কারণে বিশেষ কাজে পারদর্শী ব্যক্তি সেই কাজ সর্বোত্তম উপায়ে সম্পন্ন করে।

৬৫। যে ব্যক্তি অপেক্ষাকৃত লঘু অথবা গুরুত্বহীন কর্ম সম্পাদনে অপারগ, সেই ব্যক্তিই যদি গুরুত্বপূর্ণ কর্ম কিংবা বিষয়ের অধিকারী হতে চায়, তখন প্রবাদটি বলা হয়।

৬৬। বিপদাপন্ন ব্যক্তি যখন নতুন বিপদের সম্মুখীন হয়।

৬৭। যখন একে অন্যকে অব্যবহার্য অথবা উদ্দেশ্য সাধনে অসমর্থ কোনো উপহার দেয়।

৬৮। যখন ব্যক্তিবিশেষের কর্মবিশেষ সম্পাদনের ইচ্ছা সম্পর্কে সুনির্দিষ্ট-ভাবে জানা যায় না, তখন বলা হয়।

৬৯। যখন প্রধান ব্যক্তির উপস্থিতিতে তাঁর অধীন কর্মচারীর কেউ আবেদন করেন, তখন প্রযোজ্য হয়।

৭০। কোনো ব্যক্তি তার লক্ষ্যের পশ্চাতে ধাবিত হবার ফলে তার কৃত অন্যায়ের শাস্তি লাভের বিষয়টি নজরে রাখে না।

৭১। ধূর্ততার অনুশীলনে রত ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য।

৭২। যখন কেউ এমন কোন কর্মে প্রবৃত্ত হয় যার সুনিশ্চিত পরিণাম অনভিপ্রেত ফল লাভ।

৭৩। মানুষের পরিস্থিতি অনুযায়ী কাজ করা উচিত. পরিস্থিতি অনুযায়ী মানুষ তার পদ্ধতিও নিরূপণ করে।

৭৪। যখন কোনো কাজে সুবিধা লাভের সম্ভাবনা না থাকলেও ব্যক্তি বিশেষ সম্ভাবনা লাভের আশায় নিজেকে খুশী রাখে তখন উক্ত হয়।

৭৫। সুবিধালাভের পরিবর্তে যখন ক্ষতির সম্ভাবনা থাকে. যা থেকে একজন ভাল ফলের আশা করে।

৭৬। বিবাহের মত ব্যাপারে যাতে সময় ও পরিশ্রম উভয়েরই প্রয়োজন, তা যদি কেউ দ্রুত সম্পাদনে ব্রতী হয়, তখন বলা হয়।

৭৭। একজনের কঠিন পরিশ্রমের ফল যখন অন্যে লাভের সন্ধান করে বা গ্রহণ করে, বলা হয়।

৭৮। নীচ ব্যক্তির সংগ মজা করলে বা অধিক পরিচিতি লাভ করলে সে অভিপ্রেত সম্মান দান করে না।

৭৯। অযোগ্য কারণে যখন ভাল জিনিষ পরিত্যক্ত হয়।

৮০। বিবাদ করা উচিত যোগ্য শত্রুর সংগে, লক্ষ্য রাখতে হয় উপযুক্ত বস্তু লাভে।

৮১। অকিঞ্চিৎকর লাভ কিংবা নীচ মানুষের সংগে বিবাদের বিরুদ্ধে নিবৃত্ত করার উদ্দেশ্যে উক্ত হয়।

৮২। সহনশীলতা অভ্যাসের মাধ্যমে গড়ে ওঠে।

৮৩। যে কাজ অনেকের দ্বারা কৃত হয়, তা শীঘ্র সম্পাদিত হয় না, সে কাজের তদারকীর জন্য অনেক কর্তা ব্যক্তি, সে কাজেই বিশৃঙ্খলা দেখা দেয়।

৮৪। হিংসুটে স্বভাবের মানুষ নিজের ক্ষতি সত্ত্বেও অন্যের সর্বনাশ সাধনে ব্রতী হয়।

৮৫। হিংসুটে স্বভাবের জন্য যে নারী এমন কাজ করে যা তার নিজের পক্ষে অর্থহীন।

৮৬। অনিবার্যকারণে যখন একজনকে সকলের নিন্দিত ব্যক্তির সংগে সংযুক্ত থাকতে বাধ্য হতে হয় তখন কথিত হয়।

৮৭। একজন যখন অন্যজনকে ভাল চোখে দেখতে পারে না তখন তার ভালত্বকেও মন্দ চোখে দেখে বা সেইভাবে ব্যাখ্যা করে।

৮৮। যখন কোনো ভাল লোকের বা বস্তুর সংগে মন্দ লোক বা বস্তুর তুলনা দেওয়া হয়।

৮৯। যখন কোনো বোকা লোকের মুখে যুক্তিনিষ্ঠ কথা শোনা যায়, তখন বিস্ময়ের সংগে বলা হয়।

৯০। একইভাবে পীড়িত যারা, তারা পরস্পর পরস্পরের অভিজ্ঞতার অংশীদার হয়।

৯১। দুজনের মধ্যে যখন শত্রুতার সম্পর্ক থাকে, তখন বলা হয়।

৯২। শীত পরের বছরও আসে। প্রবাদটি প্রযোজ্য হয় সেই ব্যক্তির ক্ষেত্রে যে

কৌশলে একবার উপকৃত হয়ে অনুরূপ সুযোগের সন্ধানে থাকে।

৯৩। যে ব্যক্তি কেবল নিজের লাভ ও আনন্দ নিয়েই থাকে কিন্তু অন্যের ক্ষতি বা দুঃখ নিয়ে মাথা ঘামায় না।

৯৪। যখন একজনের শত্রু অন্যের দ্বারা অপমানিত অথবা নির্বাসিত হয়।

৯৫। যখন একজন মন্দ প্রকৃতির মানুষ ধার্মিক, ভাল অথবা বুদ্ধিমান ব্যক্তির সঙ্গে বোকা ব্যক্তিকে মিলিয়ে ফেলার চেষ্টা করে।

৯৬। পাপাসক্ত এবং নীতিভ্রষ্ট মানুষদের সঙ্গীগুলিও হয় তাদেরই মত. মানুষ তার চরিত্র এবং মেজাজ অনুযায়ীই সঙ্গী নির্বাচন করে থাকে, যেমন একজন পচা ঘোলের জন্য ছেঁদা চামচে ব্যবহার করে।

৯৭। দায়িত্ব প্রাপ্ত হয়েও কোনো ব্যক্তি যখন নিশ্চেষ্ট হয়ে বসে থাকে, কিংবা অন্যের কাছ থেকে বেশি আশা করা অর্থহীন, নিজের কাজে নিজেকেই বেশি মনোযোগী হতে হয়।

৯৮। সিদ্ধান্ত ব্যতিরেকেই যখন একজন কোনো কাজের জন্য আবেদন করে, নিজের কর্মপদ্ধতির স্বপক্ষে অসংলগ্ন যুক্তি তর্কের অবতারণা করে যেন অন্যের সিদ্ধান্তের সেই উপযুক্ত ব্যক্তি।

৯৯। যখন উপযুক্ত যোগ্যতা সম্পন্ন হয়েও কেউ অন্যের প্রশংসা করে কোনো কাজের দায়িত্ব প্রশংসিত ব্যক্তির ওপর ন্যস্ত করে বসে থাকে।

১০০। নীচ পরিবেশের হয়েও যে বিখ্যাত ব্যক্তির আচরণ ও অভ্যাস বোকার মত অনুসরণ করে।

১০১। যখন মানুষ তার অসাধ্য সাধনে প্রবৃত্ত হয় এবং পরিণামে গৃহীত কাজ অসমাপ্ত থেকে যায়, তখন বলা হয়।

১০২। ভৃত্যদের ক্ষেত্রে প্রযুক্ত হয়. যে সব ভৃত্যকে প্রয়োজনে পাওয়া যায় না। তাছাড়া সেইরূপ ব্যক্তির ক্ষেত্রেও প্রযোজ্য যে নাকি তার প্রতিবেশী এবং আত্মীয়দের সাহায্য করার পরিবর্তে অপরিচিত এবং দূরের ব্যক্তিদের পৃষ্ঠপোষকতা করে।

১০৩। যখন দুই ব্যক্তি পারস্পরিক মঙ্গল কামনা করলেও অন্তরে একে অন্যের বিরুদ্ধে বিরোধী মনোভাব পোষণ করে, তখন বলা হয়।

১০৪। নীচ ব্যক্তি যদি খ্যাতনামা ব্যক্তির নিন্দা করে তাতে খ্যাতনামা ব্যক্তির কিছু যায় আসে না. বরং নীচ ব্যক্তির নীচতাই ধরা পড়ে।

১০৫। কোনো বস্তু বা ব্যক্তির প্রয়োজনে সেই বস্তু বা ব্যক্তি যদি আকস্মিকভাবে উপস্থিত হয়. কিংবা সামান্য সুবিধার সন্ধান কালে যদি আশাতীতভাবে বৃহৎ সুবিধালাভ ঘটে যায়. বলা হয়।

১০৬। কোনো ব্যক্তি যদি এমন কোনো ব্যাপারে যুক্ত হয় যার কোন সুফল পরিণামে মেলে না. অথচ ব্যাপারটি শ্রমসাধ্য, তখন এটি বলা হয়।

১০৭। যখন ভাল বা মন্দ যে কোনো বিষয়ে বলার সময় অন্য এমন বিষয়ের অবতারণা করা হয় যার সঙ্গে পূর্বের বিষয়ের কোনো সম্পর্ক নেই, তখন বলা হয়।

১০৮। যে কাজে একজন অভ্যস্ত নয়, সেই কাজটি তার দ্বারা কখনই সুচারুভাবে সম্পন্ন হতে পারে না।

১০৯। যখন গুণহীন এবং অসৎ ব্যক্তি অন্যকে নিজের মত বলে অভিহিত করে, কিংবা এক বোকা যখন অন্যকে বোকা ভাবে তখনই প্রযুক্ত হয়।

১১০। যখন সমান চরিত্রের দুই শয়তানের মধ্যে পরিচিত বা ঘনিষ্ঠতা বর্তমান থাকে, বলা হয়।

১১১। যে বিষয়ে মানুষের প্রয়োজন তাতেই সে নিজেকে অভিনিবিষ্ট রাখে।

১১২। সর্বদা শয়তান তার শয়তানি করার সুযোগ খোঁজে।

১১৩। শয়তান শয়তানকে সঙ্গী করতে ভালবাসে।

১১৪। যখন ভ্রষ্ট ব্যক্তির মন্দ প্রয়াস দমিত হয় তখন সেই প্রয়াস ভাল বলে চালিয়ে দেওয়া হয়।

১১৫। অবিবেচক এবং নীচ ব্যক্তিকে কোনমতেই ভাল অথবা জ্ঞানী করে তোলা যায় না।

১১৬। যখন কোনো ব্যক্তি সব বিষয়ে পারদর্শী হয়ে তার প্রভু কিংবা মালিকের জন্য প্রয়োজনীয় কাজটি করতে অক্ষম হয়, তখন প্রযোজ্য হয়।

১১৭। যখন স্বার্থের খাতিরে একজন ভ্রষ্ট ব্যক্তিকে বিখ্যাত ও সম্মানিত ব্যক্তি বলে প্রশংসা করতে হয়।

১১৮। মন্দ ব্যক্তি কখনও সদুপদেশ অথবা উপদেশে কান দেয় না।

১১৯। যদি ন্যায় যথাযথভাবে প্রতিষ্ঠিত হয়, সেক্ষেত্রে শয়তান ব্যক্তির স্বরূপ যেমন ধরা পড়ে যায় এবং সেই সংগে তাকে দমিতও হতে হয়।

১২০। একজন শঠের শঠতা অন্যের শঠতায় নিবৃত্ত হয়।

১২১। যখন একজন ব্যক্তি অনেককে উপদেশ দেয়, অন্যদের ধর্মের পথ নির্দেশ করে অথচ নিজের সৎ আচরণের ক্ষেত্রে অন্ধের আচরণ করে, তার ক্ষেত্রে প্রযোজ্য।

১২২। যখন কোনো জ্ঞানী এবং শিক্ষিত ব্যক্তি কোন একটা ব্যাপারে ভুল করেন, অথবা যখন কেউ অন্যের ব্যাপারে নিজেকে ব্যস্ত রাখলেও নিজের ব্যাপারে অবহেলা করেন, তাকে উদ্দেশ করে বলা হয়।

১২৩। যে কাজ দ্রুত সম্পাদন করা প্রয়োজন, সেই কাজ করতে যদি ক্ষতিকারক বিলম্ব হয় সেই উপলক্ষে কথিত হয়. দীর্ঘসূত্রতা ক্ষতির কারণ হয়ে দেখা দেয়।

১২৪। যাকে প্রয়োজনীয় জিনিষ আনতে দেওয়া হয়েছে, সে যদি সেটি যথা-সময়ে না আনে তখন প্রযুক্ত হয়।

১২৫। আবহাওয়া যখন অত্যুষ্ণ বলা হয়।

১২৬। যখন কেউ অন্যের ক্ষতির বিনিময়ে নিজের লাভের চেষ্টা করে।

১২৭। যখন কেউ অন্যের সমস্যা, ক্ষতি অথবা বিপদে জড়িয়ে পড়ে বলা হয়।

১২৮। ভাল অথবা মন্দ যাই হোক না কেন, হাতের কোনো কাজের পক্ষে যদি তা অপরিহার্য হয়, বলা হয়।

১২৯। যে নাকি ক্ষতি করতে পারে তার ওপর রাগ করে নিজের ক্ষতি ডেকে আনা হলে বলা হয়।

১৩০। যখন একজন কোনো কাজ সময়ে অথবা অসময়ে করার জন্য ব্যাকুল হয় এবং এমনকি কাজটি করার জন্য যা প্রয়োজন তার জন্য তার বিলম্বের

তর সয় না, তখন বলা হয়।

১৩১। যা ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে, তার ভাল মন্দ বিচার করা অর্থহীন।

১৩২। শত্রুকে লালন পালন করলেও সে কখনই বন্ধু হয় না।

১৩৩। সামর্থ্য সীমিত অথচ ব্যয় যদি সে তুলনায় বেশি হয় তখন বলা হয়।

১৩৪। উর্ধ্বতন কর্তৃপক্ষের তুলনায় যখন তার অধীনস্থ ব্যক্তির লাভ অধিক হয় তখন বলা হয়।

১৩৫। যে ব্যক্তি সব কাজেই অক্ষম অথচ অহংকার করে যে সে এটা ওটা সব কিছুই করতে পারে, এরকম ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য।

১৩৬। বুদ্ধিমান ব্যক্তি যখন বোকার কাছ থেকে যৎসামান্য শ্রদ্ধা অর্জন করে কিংবা করেই না তখন প্রযোজ্য হয়।

১৩৭। যখন অন্যের ক্ষতি থেকে একজনের ব্যক্তিগত লাভ বা সুবিধা হয় তখন বলা হয়।

১৩৮। যে বিষয়ে লক্ষ্য তার পরিবর্তে যখন সম্পূর্ণ বিপরীত বা প্রতিকূল কিছু আশাতীতভাবে ঘটে যায় তখন প্রযুক্ত হয়।

১৩৯। যার দ্বারা একজন উপকৃত হয়েও অকৃতজ্ঞের মত উপকারী ব্যক্তিকে তার উপযুক্ত সম্মান দেয় না, অবজ্ঞা করে, তখন বলা হয়।

১৪০। যে ব্যক্তিকে কোনো কাজের দায়িত্ব দেওয়া হলেও সে সেই কাজ সম্পাদন না করে যখন তার কোনো সহকর্মীর মাধ্যমে সেটি সম্পাদন করতে ইচ্ছুক হয়, তখন বলা হয়।

১৪১। ব্যঙ্গ করে বলা হয়; যে ব্যক্তি সাধারণ পড়াই পড়তে পারে না, সে যখন নিজেকে বিদ্যায় বুৎপত্তির অধিকারী বলে দেখাতে সচেষ্ট হয়।

১৪২। পূর্বের (১৪১) ব্যাখ্যাই প্রযোজ্য।

১৪৩। শ্রীপঞ্চমীর দিন পড়াশুনা করা হয় না। যে ব্যক্তি কোনো সংবাদ না রেখেই নিত্য শ্রীপঞ্চমীর অধিকারী।

১৪৪। ব্যক্তিবিশেষের সামর্থ্যের পরিচয় পাওয়া যায় তার পোশাক ও চেহারায়।

১৪৫। পাপিষ্ঠ ব্যক্তি যতই কেন ভাল লোকের সঙ্গ লাভ করুক, তবু তার মন্দ প্রকৃতি ঐ ভাল লোকের উপদেশে বা দৃষ্টান্তে সংশোধন হয় না।

১৪৬। প্রতারককে দৈহিক আঘাতে শাস্তি দিলেই হয় না, সেই সঙ্গে তার লাভের পথ বন্ধ করলে তবেই শাস্তি দান কার্যকরী হয়।

১৪৭। যখন কেউ তার থেকে বিখ্যাত অথবা উচ্চপদস্থ ব্যক্তির প্রতি বিশ্বাস-ঘাতকতা করে তখন তাতে যে ঐ উচ্চপদস্থ ব্যক্তির ক্ষতি হয় তা নয়, যে বিশ্বাসঘাতকতা করে তারই ক্ষতি সাধন হয়।

১৪৮। যখন এক ব্যক্তি অন্য কোনো বিষয়ে কথা বললে দোষী ব্যক্তি মনে করে যে তার দোষ সম্পর্কেই ঐ ব্যক্তি বলছে, তখন উক্ত হয়।

১৪৯। হঠকারীর দুর্ভাগ্য ঘটেই।

১৫০। সামান্য ব্যাপারে যখন অসামান্য আয়োজনের প্রস্তুতি চলে কিংবা সাধ্যের অতিরিক্ত ব্যয় হয় তখন বলা হয়।

১৫১। কোন একটা লক্ষ্যে পৌঁছবার জন্য জীবনকে প্রকাশ করা, অথবা সাঙ্ঘাতিক কোনো দায়িত্ব গ্রহণ করলে প্রযোজ্য হয়।

১৫২। যখন কোনো কাজে অনেকে খবরদারি করে, কিংবা একই কাজে অনেক ব্যক্তি নিযুক্ত হয়, তখন তা কদাচিৎ সুসম্পন্ন হয়।

১৫৩। শয়তানকে অপরের স্বার্থের বিনিময়ে তার স্বার্থ সিদ্ধির পথ দেখান ঠিক নয়।

১৫৪। যখন বিরাট আয়াস কিংবা ব্যয় ব্যতিরেকে কোন লক্ষ্য সিদ্ধ হয় না, তখন বলা হয়।

১৫৫। সুবিধালাভের আশাকে ব্যর্থ করে, যেখানে প্রতিকূলতা আত্মপ্রকাশ করে।

১৫৬। কোনো একটি কাজের জন্য প্রয়াস করে যদি অন্য একটি কাজও সম্পাদিত হয়, সেটির প্রসঙ্গে বলা হয়।

১৫৭। যখন নীচু শ্রেণীর মানুষ বড় মানুষের মত পোশাক পরে এবং সেই রকম কথাবার্তা বলে।

১৫৮। নীচু ব্যক্তি যখন আড়ম্বরপূর্ণ অলঙ্কারে সজ্জিত হয়, বলা হয়।

১৫৯। যখন একজন একটি বিপর্যয়ের সম্মুখীন হয়ে পুনরায় নতুন কোনো দুর্ভাগ্যের শিকার হয়, কিংবা কাজের ওপর কাজে যদি কেউ ব্যতিব্যস্ত হয়, তখন বলা হয়।

১৬০। যখন একজন এমন একজনকে অপমানিত করে যার দ্বারা সে উপকৃত, কিংবা উপকারীর সহায়তা করার ব্যাপারে যখন উপকৃত ব্যক্তিকে বিলম্ব করতে দেখা যায়, তখন কথিত হয়।

১৬১। একজন যখন তার আশানুরূপ ফললাভ করে না তখন বলা হয়।

১৬২। সকলেই নিজের নিজের ভাল চায়।

১৬৩। যখন কেউ নিজের কাজ সম্পাদন না করে অন্যের ব্যাপারে নাক গলায়।

১৬৪। যখন একজন নিজের কার্য সম্পাদনে সাফল্য লাভ করে তখন সে অন্যের সহায়তায় নিজেকে নিযুক্ত করার অধিকারী হয়।

১৬৫। যখন কেউ কোনো বিপদে পড়ে, তখন তার প্রথম কর্তব্য হল সেই বিপদ থেকে মুক্ত হওয়া, এর পর অন্যান্য বিষয় অধিকার করার ব্যাপারে তার মনোযোগী হওয়া উচিত।

১৬৬। সে ব্যক্তি কিছু পাবার আশা করে, তাকে স্মরণ করিয়ে দিতে বলা হয় যে ব্যক্তি বিশেষ কোনো কিছু না দেবার সিদ্ধান্ত করেছে।

১৬৭। যখন আশাতীতভাবে কোনো ব্যক্তি তার নিতান্ত ছোট অবস্থা থেকে উন্নত অবস্থায় উন্নীত হয়, অধিকারী হয় সম্পদ ও সম্মানের, সে অহংকারের বশে অন্যদের অবজ্ঞার দৃষ্টিতে দেখে থাকে।

১৬৮। যে ব্যক্তি পৈতৃক সম্পত্তি থেকে বঞ্চিত হয়ে অন্যদের পক্ষে অতিশয় সহায়ক হয়ে ওঠে, অথবা নিজের নির্দিষ্ট স্থান থেকে ভ্রষ্ট হয়ে এমন কি নীচুতলার মানুষের সেবার জন্য আগ্রহী হয়ে ওঠে, সেক্ষেত্রে প্রযোজ্য হয়।

১৬৯। যে পর্যন্ত মানুষ কর্মে যুক্ত থাকে সে পর্যন্ত সে এর সুফল সম্পর্কে অবহিত থাকে না, কাজটি হয়ে গেলে তবেই এর প্রকৃত মূল্য অনুধাবন করতে পারে।

১৭০। যখন কেউ কোনো ব্যাপারের সুফল হস্তগত করতে ব্যর্থ প্রয়াস করে, বলা হয়।

১৭১। অন্যের সঙ্গে ঝগড়া বিবাদে লিপ্ত করার ব্যাপারে অনেককেই দেখা যায়, কিন্তু বিরোধ মীমাংসা করার ব্যাপারে অগ্রণী প্রকৃত বন্ধুর সাক্ষাৎ কদাচিৎ মেলে।

১৭২। যে ব্যক্তি তার ক্ষমতা গুরুত্বপূর্ণভাবে জাহির করতে উদ্যোগী হয়, নিশ্চিতভাবে তাকে যন্ত্রণার সম্মুখীন হতে হয়।

১৭৩। যা থেকে কোনোই উপকার পাওয়া যায় না, তার জন্যে যদি প্রভূত অসুবিধা এবং যন্ত্রণা ভোগ করতে হয়, বলা হয়।

১৭৪। মন্দ লোকের মন্দ স্বভাবের জন্য যখন সম্মানিত ব্যক্তির সম্মান ক্ষতি গ্রস্ত হয়, তখন কথিত হয়।

১৭৫। কোনো ব্যাপারের প্রারম্ভে এবং পরিণতিতে যদি ক্ষতির সম্ভাবনা থাকে বলা হয়।

১৭৬। নিরুপায় হয়ে যখন কেউ শারীরিক বা মানসিক ক্লেশ স্বীকার করে নেয়, তখন বলা হয়।

১৭৭। যে ব্যাপারে সাফল্যের অধিকারী হলে তেমন কিছু লাভবান হবার সম্ভাবনা থাকে না, কিন্তু অসাফল্য ক্ষতি ডেকে আনে, সেরূপ ব্যাপারে মানুষের প্রয়াস যুক্ত হলে কথিত হয়।

১৭৮। সাবধানতা এবং দক্ষতার কারণে বহু কিছুই সহজসাধ্য হয়ে ওঠে।

১৭৯। কোনো কাজের কঠিন অংশ আয়ত্তে এসে গেলে অপেক্ষাকৃত কম গুরুত্ব-পূর্ণ অংশ আর প্রতিকূলতা সৃষ্টি করে না।

১৮০। যখন কোনো শয়তান ব্যক্তি নিজের শয়তানীকে অপ্রমাণ করতে অন্য কারো দৃষ্টান্তের উদ্ধার করে যে তারই মত অযোগ্য।

১৮১। মহাভারত দীর্ঘ কাব্য তাই এই কাব্যের পাঠ সময় সাপেক্ষ ব্যাপার, প্রবাদটি প্রযুক্ত হয় যখন কেউ বিরাট কোনো কাজ অল্প সময়ে সম্পন্ন করে।

১৮২। সামান্য মূলধনে যখন বিরাট লাভের চেষ্টা করা হয়, তখন বলা হয়।

১৮৩। কৃপণ এবং নির্দয় ব্যক্তি সম্পর্কে অভিহিত হয়। তুলনীয় সেইস্থান যেখানে শিক্ষক ও ছাত্রের পারস্পরিক শ্রদ্ধা ও স্নেহের সম্পর্ক অনু-পস্থিত, যেখানে শুধুই স্বার্থপরতা এবং নিষ্ঠুরতা।

১৮৪। যখন কেউ অন্যের কাছে নিজের গুণের জন্য গর্ব প্রকাশ করে অথচ তার নীচতার বিষয়ে যার জানা আছে, তখন বলা হয়।

১৮৫। যখন কেউ তার বন্ধু অথবা প্রতিবেশীকে আগন্তুক বলে এড়িয়ে যায় কিংবা বন্ধু বা প্রতিবেশীর উপকার করার সুযোগকে নষ্ট করে।

১৮৬। কেউ যখন কোনো কাজ করার সহজতর পথ থাকা সত্ত্বেও বক্রপথের সন্ধান করে বলা হয়।

১৮৭। দুইয়ের মধ্যে প্রথমটির নিষ্প্রভতা এবং পরেরটির সন্দিগ্ধ প্রবণতা অনভিপ্রেত।

১৮৮। যখন লক্ষ্যে উপনীত হবার সামর্থ্য থাকা সত্ত্বেও কেউ নৈরাশ্যের শিকার

হয় বলা হয়।

১৮৯। কেউ যখন প্রবঞ্চকের অসাধুতাকে বিদ্ধ করে তখন তার দ্বারা উক্ত হয়, আগে থেকেই ব্যর্থকারীর দৃষ্টিগোচর হওয়ার ফলে শঠ ব্যক্তির প্রতারণার প্রয়াস যখন ব্যর্থ হয়।

১৯০। অসাফল্যের সম্ভাবনা সেখানেই কম যেখানে বিচারবুদ্ধি এবং যত্ন-পূর্বক চিন্তা দ্বারা কিছু করা হয়।

১৯১। অনেক শত্রু যখন একজনের বিরোধিতায় লিপ্ত হয়, তখন বিরোধিতার সম্মুখীন হওয়ায় ব্যক্তি আকস্মিকভাবে ধ্বংসের সম্মুখীন হতে পারে।

১৯২। যখন কারো বন্ধুবান্ধব বা প্রতিবেশী তার উপকারে প্রবৃত্ত হয়, তখন তার ত্রুটি সহজেই ক্ষমা লাভ করে বা ঢাকা পড়ে।

১৯৩। যখন কোনো ভাল মানুষ নিজেকে অসৎ ব্যক্তির সঙ্গে যুক্ত করে, তখন সেও নিন্দা বা অখ্যাতির শিকার হয়।

১৯৪। মন্দ ব্যক্তির পাপকার্যে প্রবণতা তার মৃত্যুর সঙ্গে সঙ্গেই রুদ্ধ হয়।

১৯৫। মর্টন এই প্রবাদটির পৃথক কোনো ব্যাখ্যা দেন নি।

১৯৬। পূর্বের এবং এটির ব্যাখ্যায় বলা হয়েছে ধূর্তকে বুদ্ধিবলে হারানো সহজসাধ্য নয়, কারণ ধূর্ত সদা সাবধানী।

১৯৭। ফললাভ সম্পর্কে অনিশ্চয়তা থাকা সত্ত্বেও যখন একজন যা করা সম্ভব সেটি সম্পাদনে তার প্রয়াস নিযুক্ত করে।

১৯৮। যে ব্যক্তি সর্বদা কোনো ব্যাপারে যুক্ত থাকে, সে সেই ব্যাপারটি ভাল বোঝে।

১৯৯। একবার কোনো প্রয়াসে সাফল্যের অধিকারী হবার পর যখন লোলুপতা-বশতঃ দ্বিতীয়বার সাফল্য লাভের জন্য চেষ্টা করা হয় বলা হয়।

২০০। অন্যদের সম্মতি ছাড়াই যখন কেউ অনাহূতভাবে মধ্যস্থ করতে চায় তখন তার উদ্দেশে অভিহিত হয়, যেমন কথাবলা শালিখ পাখী সর্বত্র নিজেকে হাজির করে।

২০১। যখন দুই ব্যক্তির মধ্যে কোনো বিরোধ উপস্থিত হয় এবং দুজনেরই বন্ধু তৃতীয় একজন ঐ দুজনের যে কারোরই ক্ষতিকে নিজের ক্ষতি বলে বিবেচনা করে তখন বলা হয়।

২০২। যদি কোনো লক্ষ্য বস্তু সহজেই হস্তগত করা যায় কিংবা অল্প আয়াসেই লভ্য হয়, সেক্ষেত্রে এই বস্তুলাভের জন্য অধিক পরিশ্রম করা কিংবা দূরবর্তী হওয়া অর্থহীন।

২০৩। যখন কেউ ধার করা পোশাকে সজ্জিত হয় কিংবা প্রতিবেশীর খরচে বড়লোক সাজার চেষ্টা করে তখন তার উদ্দেশে অভিহিত হয়।

২০৪। যখন কেউ নিজের উন্নত এবং সমৃদ্ধ অবস্থা সত্ত্বেও হিংসাবশতঃ অন্যের অগ্রগতি এবং সম্পদকে বড় করে দেখে, বলা হয়।

২০৫। যে ব্যক্তি কোনো কাজের সূচনা করে সেই কাজের পূর্ণতা সম্পর্কে সন্দিগ্ধ হয় তখন তার দ্বারা উক্ত হয়।

২০৬। কোনো বিষয়ে কঠিন পরিশ্রম এবং কষ্ট করার পরে যখন আকস্মিক-ভাবে নতুন কোনো সমস্যার উদ্ভব হয়।

২০৭। অনমনীয় রূঢ় এবং স্বতন্ত্র ব্যক্তি অন্যের ক্ষেত্রে সৌজন্য বা বিনয় প্রকাশ করে না, তাই অন্যদের ক্ষেত্রে উদারতা দেখিয়ে এই ধরনের ব্যক্তি নিজের পরিবারের কোনো ক্ষতি করে না।

২০৮। ভালবাসা অথবা পরিশ্রমে যা লভ্য, অনেকেই অংশগ্রহণের আশায় সেক্ষেত্রে নিজেদের উপস্থিত করে।

২০৯। সাধারণ অভাব এবং হীনতার মধ্যে যখন একটিমাত্র অলংকার লক্ষিত হয় কিংবা বিশেষ একটি ক্ষেত্রে প্রাচুর্য দেখা যায়, বলা হয় এটি।

২১০। যখন কেউ কোনো কাজের শুরুতেই ভুল করে বসে বলা হয়।

২১১। কোনো কাজ লাভের পূর্বেই যদি কেউ তার সুবিধা-অসুবিধার পরিমাণ করে বলা হয়।

২১২। অযাচিত ভাবে কোনো মহৎ ব্যক্তির কাছে কোনো উপকার লাভ করার পর যখন কেউ আরও বৃহৎ কিছু প্রত্যাশা করে।

২১৩। নিজে অকর্মণ্য হয়েও যখন কেউ হিংসা বশতঃ অন্যের কৃত প্রতিটি কর্মে ত্রুটির সন্ধান করে বলা হয়।

২১৪। যে ব্যক্তির বিন্দুমাত্র রসবোধ নেই, সে যখন রসের সম্পর্ক স্থাপনে প্রয়াসী হয় কিংবা মজার গল্প তৈরি করতে চেষ্টা করে, তখন তা অবাস্তব হয়ে পড়ে।

২১৫। সমস্যার প্রতিকারের আশায় কৃত অবিবেচনা প্রসূত উক্তি কিংবা কাজ ফলহীন হয়।

২১৬। প্রাচীন কিংবা মন্দ বস্তুকে মার্জিত করে অসাধারণ বলে প্রতিপন্ন করার চেষ্টায় উক্ত হয়।

২১৭। অনুকূল পরিবেশ পরিবর্তিত হলে ভেঙ্গে পড়ার পরিবর্তে উচিত হ'ল ক্ষতির প্রতিকারে প্রবৃত্ত হওয়া।

২১৮। বন্ধু বন্ধুতে কিংবা ভাইয়ে ভাইয়ে পারস্পরিক সম্প্রীতির সম্পর্ক কদাচিৎ দীর্ঘমেয়াদী হতে দেখা যায়।

২১৯। কর্মহীন হওয়া সত্ত্বেও যে ব্যক্তি সক্রিয় কর্মে অভ্যস্ত, সে কখনই অলস থাকতে পারে না, বরং কোনো প্রকার লাভের প্রলোভন ছাড়াই তাকে পরিশ্রম করতে দেখা যায়।

২২০। প্রত্যাশী ব্যক্তি যখন কোনো সম্পন্ন ব্যক্তিকে অন্য কাউকে কিছু বলতে বা দিতে দেখে, ভাবে সেই বুদ্ধি সম্পন্ন ব্যক্তির দ্বারা উপকৃত হতে চলেছে।

২২১। যে সব ব্যক্তি এইভাবে উপকৃত হবার পরে লোভের বশবর্তী হয়ে অন্য ভাবে উপকৃত হবার চেষ্টা করে।

২২২। যা নেই বা ঘটে নি তার জন্য মিথ্যা বাসনা পোষণ করাকে বলা হয়।

২২৩। যখন কেউ ন্যায্য এবং যথার্থ বক্তব্যে অসন্তুষ্ট এবং বিষণ্ণ হয়, বলা হয়।

২২৪। ব্যর্থ এবং অকর্মণ্য ব্যক্তিরা যখন কাজের জন্য আসে কিংবা অনুরূপ ব্যক্তির সহায়তা করে।

২২৫। কোনো কিছুর আশায় যখন কেউ প্রাপ্ত ভাল কিছুকে পরিত্যাগ করে।

২২৬। গাধা যেমন সাবধান বাণী কিংবা উপদেশ গ্রাহ্য করে না, অনুরূপ ভাবে বোকা এবং একগুঁয়ে লোকেরাও তাদের বন্ধুর উপদেশ বা সাবধান বাণী গ্রাহ্য করে না।

২২৭। চিন্তাহীন এবং অবিবেচক মানুষ সর্বদা ক্লেশ ও অসুবিধার সম্মুখীন হয়।

২২৮। যারা ক্ষমতাসীন এবং বিত্তবান, তারা পেঁচাল অথবা স্বার্থপূর্ণ কৃত্রিম কথা বলে।

২২৯। যখন কেউ নিজের ব্যাপারে নিজে মনোযোগী না হয়ে অন্যদের ওপর সেই ব্যাপারটি ন্যস্ত করে, দেখা যায় তারাও ব্যাপারটিকে অবহেলা করে।

২৩০। বড় মানুষের কাছেই মানুষ কর্মে নিযুক্ত হতে চায় তাতে যদি লাভ কম হয় তবুও।

২৩১। ধনী এবং প্রতিভাবান ব্যক্তিও যদি শিষ্টাচারী ও সদালাপী না হয়, তবে উপযুক্ত সম্মান এবং স্বীকৃতি লাভে বঞ্চিত হন।

২৩২। যখন কেউ নিজে অকিঞ্চিৎকর হয়েও খ্যাতিমান মানুষকে গালি-গালাজ করে অথবা লম্বাচওড়া কথা বলে।

২৩৩। যখন কোনো শঠ ঠকাতে গিয়ে ধরা পড়ে নিজেকে বাঁচাবার জন্যে রসিকতা করার ভান করে।

২৩৪। অবিশ্বস্ত এবং যে কথার খেলাপ করে তার প্রতি প্রযোজ্য হয়।

২৩৫। যখন একের পর এক বিপদ আসে এবং একটি বিরক্তির সঙ্গে আর একটি বিরক্তি বা যন্ত্রণা যুক্ত হয়।

২৩৬। যখন কেউ বিপদে পড়ে অন্যের সহায়তা প্রার্থনা করলে জবাব পায় কিছু পরে সহায়তা করা হবে, তখন বলা হয়।

২৩৭। পরিহাস থেকে যখন বিরোধের উৎপত্তি হয়।

২৩৮। অন্যের ইচ্ছায় নিজের কোনো উদ্দেশ্য না থাকা সত্ত্বেও যখন কাউকে বিশেষ কোনো স্থানে বেশি দিন কাটাতে হয়, প্রযুক্ত হয়।

২৩৯। যার বাড়ীতে বাস করতে হয়, তার সঙ্গে বিবাদ করা উচিত নয়।

২৪০। অতিরিক্ত পরিচিতির জন্য যখন সম্মান লাভের উপযুক্ত ব্যক্তি সম্মান লাভে বঞ্চিত হন, বলা হয়।

২৪১। যার কিছু নেই, তারই সম্পত্তির জন্য ব্যাকুলতা বেশি হয়।
২৪২। মৃত্যু, জামাই এবং ভাগ্নে কখনও অনুগত হয় না।
২৪৩। কর্মক্ষমতা না থাকা সত্ত্বেও যখন কেউ নিজের দক্ষতা এবং চাতুর্যের জন্য অহংকার প্রকাশ করে, বলা হয়।
২৪৪। সামান্যতম ক্ষমতা বা প্রতিভার অধিকারী হয়ে বা না হয়েই যখন কেউ নিজের প্রশংসা নিজেই উচ্ছ্বসিত ভাবে করে।
২৪৫। শস্যের বাজারের সঙ্গে পশুর বাজারের ব্যাপারে খ্যাতিসম্পন্ন দুটি পৃথক গ্রামের মধ্যেকার যে বিরাট ব্যবধান, তেমনি যখন কোনো ব্যক্তি আলোচ্য বিষয় না বলে সম্পূর্ণ অন্য বিষয়ে কথা বলেন তখন বলা হয়।
২৪৬। যে ব্যক্তি নিজে যেমন সম্মানের অধিকারী তেমনি অন্য যে সম্মানিত তাকে যদি সম্মান প্রদর্শন করেন, তবে তিনি নিজেও সম্মান লাভ করেন।
২৪৭। অহঙ্কারী ব্যক্তি যদি অসম্মানিত হনও, তবু তিনি যত্নপূর্বক ব্যাপার গোপন রাখেন।
২৪৮। অযোগ্য এবং অবিবেচক ব্যক্তির সাহায্যে যখন কোনো গুরুত্বপূর্ণ কাজ করার চেষ্টা করা হয় বলা হয়।
২৪৯। যখন কোনো প্রবঞ্চক অজ্ঞানতাবশতঃ তদপেক্ষা অধিকতর ধূর্ত অথবা শক্তিশালীর কারণে নিজের প্রলোভনকে সংযত করে অথচ ঐ ধূর্ত বা শক্তিশালী কল্পিত শক্তির অধিকারী নয়, তখনই বলা হয়।
২৫০। অধীনস্থ কর্মচারী যখন তার উর্ধ্বতন কর্তৃপক্ষ অপেক্ষা অধিকতর শোষণকারী হয়, তাছাড়া যখন কোনো কাজের ক্ষুদ্র অংশ ঐ কাজের মূল অংশের তুলনায় কঠিনতর হয়ে দেখা দেয়, তখন বলা হয়।
২৫১। যে বা যাদের যন্ত্রণা কিংবা ব্যর্থতার অভিজ্ঞতা হয়নি, সে বা তারা ভাল এবং মন্দের পার্থক্য বোঝে না।
২৫২। উর্ধ্বতন কর্তৃপক্ষের যে ত্রুটি সকলের পক্ষেই সাংঘাতিক, তথাপি ভয়ে এই বিষয়ে কেউ কিছু বলে না।
২৫৩। প্রায়ই দুঃখ এবং যন্ত্রণা ভোগের অভিজ্ঞতা হলে ক্রমেই তা সয়ে যায়।
২৫৪। বড়োয় বড়োয় বিপদ কিংবা প্রতিদ্বন্দ্বিতা হলে তার খেসারৎ দিতে হয় এদের অধীন ভৃত্য কিংবা নির্ভরশীল ব্যক্তিদের।
২৫৫। যেমন জিনিষ কেনা হবে, তেমনি হবে তার মূল্য, পারিশ্রমিক অনুযায়ী হবে পরিশ্রম।

২৫৬। অধিকতর ক্ষতিকারক আছে ; শয়তানের তুলনায় অধিকতর শয়তানী বুদ্ধি সম্পন্ন মানুষ থাকে।

২৫৭। যখন দুঃস্থ ও অসহায় মানুষ চূড়ান্ত অবিচারের শিকার হয়।

২৫৮। যে বিচারপতির রায়ে একজনকে অন্যায়ভাবে ক্ষতি স্বীকার করতে হয়।

২৫৯। যখন কোনো অত্যাবশ্যক কাজের দায়িত্ব এমন একজনের ওপর ন্যস্ত করা হয় যে ঐ কাজ সম্পাদনে নির্লিপ্ততা দেখায় কিংবা মন্থরগতি সম্পন্ন হয়, তখন বলা হয়।

২৬০। দায়িত্ব ন্যস্ত করা উচিত বিচার বুদ্ধি এবং বিবেচনা করে।

২৬১। যখন কেউ নিজের পরিচয়দানকালে অতি পরিচিত উক্তির সঙ্গে তার সম্পর্কিত থাকার কথা না বলে দূরসম্পর্কের উল্লেখ করে।

২৬২। যখন কোনো উদারচেতা ব্যক্তি দান করেন তিনি তাৎক্ষণিকভাবে অনেকখানি দান করেন, কিন্তু কৃপণ ব্যক্তির দানের ক্ষেত্রে একেবারে শেষে তার ঔদার্য প্রশংসিত হয়, কারণ এক্ষেত্রে দান হয় অতি ধীরে এবং বিবেচনা পূর্বক।

২৬৩। একের সম্মান যখন অন্য কেউ নিজের দিকে টেনে নেয় বলা হয়।

২৬৪। ভাল উপদেশে যখন কেউ ক্রোধান্বিত হয়।

২৬৫। মানুষের প্রকৃত চরিত্রের পরিচয় পাওয়া যায় তার আচরণ ও কর্মপদ্ধতি থেকে।

২৬৬। বিপর্যয়ে যখন কেউ পর্যুদস্ত হয়।

২৬৭। সাংঘাতিকভাবে ক্ষুধার্ত ব্যক্তির কাছে যদি তুচ্ছ ব্যাপার উপস্থিত করা হয়, তখন ব্যাঙ্গাত্মকভাবে কথিত হয়।

২৬৮। যখন বিখ্যাত লোক দুর্ভাগ্যের কবলীভূত হয়, তখন তুচ্ছ শক্তিরাও তার প্রতি নির্মম হয়, ব্যঙ্গ করতে ছাড়ে না।

২৬৯। যখন কোনো ব্যক্তি গোপনে কুৎসিত কার্যে রত থেকেও বাইরে ভালমানুষীর ভাব বজায় রাখে, যেমন দেহপসারিণী ঘৃণ্য উপায়ে জীবিকা নির্বাহ করেও ঘোমটা ব্যবহার করে বিনয়ী সাজে।

২৭০। ব্যঙ্গাত্মক পর্যবেক্ষণ, যখন নগণ্য ব্যাপার কিংবা নীচ ব্যক্তি উচ্চ-প্রশংসিত হয়, তখন বলা হয়।

২৭১। যেসব হতভাগ্যের কোনো রক্ত মাংসের রক্ষাকারী নেই, তাদের রক্ষা করেন ভগবান।

২৭২। কোনো কার্যে ব্রতী হবার পর কোনো বাধার সম্মুখীন হয়ে তা থেকে বিরত হওয়া উচিত নয়।

২৭৩। বয়স্ক এবং অভিজ্ঞ শক্তির পরামর্শে কাজ করা কখনই বিপজ্জনক নয়।

২৭৪। যখন একজন অভিজ্ঞ ব্যক্তি অন্যাকে অবজ্ঞা করে, অথচ যার সহায়তা লাভের প্রয়োজন শেষ হয়ে যায় নি, এক্ষেত্রে অবজ্ঞা করে তাকে দূরে সরিয়ে দেওয়া উচিত নয়।

২৭৫। এমন কর্ম সম্পর্কে বলা হয় যার সুবিধা এবং আর্থিক লাভ হ্রাসপ্রাপ্ত হয়নি, কিন্তু চাকরির মেয়াদের অনুপাতে তা বর্দ্ধিতও হয়নি।

২৭৬। সকলেই সম্পদকে সম্মান করে অপরপক্ষে দরিদ্রকে অবজ্ঞা করে।

২৭৭। অনেকেই যারা প্রাচুর্যের অধিকারী তাদের প্রতিই নজর দেয় অপর পক্ষে যাদের প্রয়োজন আছে, তাদের এড়িয়ে যায়।

২৭৮। নিজের অর্থের বিনিময়েও যদি কেউ অন্যায় কাজ করে, সেজন্য জগতে নিন্দার সম্মুখীন হতে হয়।

২৭৯। অজ্ঞ ব্যক্তির কাছ থেকে উপযুক্ত সম্মান লাভ দুর্লভ। সম্মান-জনক আচরণ লাভের আশায় অনেকে অপছন্দ হবার ঝুঁকিও নিয়ে থাকে।

২৮০। যারা অন্যের জিনিষ অপচয় করে তাদের প্রসঙ্গে বলা হয়। হীন ব্যক্তি অন্যের অর্থে আয়োজিত বলে ভোজে প্রয়োজনের অতিরিক্ত আহার করে, এমনকি অন্যের তেল এত বেশি পরিমাণে ব্যবহার করে যে তাতে ঐ ব্যক্তির নিজের পরিচ্ছদই নষ্ট নয়।

২৮১। যখন কোনো ব্যক্তির পদোন্নতি হয়, তখন সে ন্যায়-অন্যায় বোধ কিংবা সম্মান ও বিচারবোধও হারিয়ে ফেলে।

২৮২। পরিণামদর্শী ব্যক্তি যদি কখনও অবিবেচনা প্রসূত কোন কাজ করে বসে, তবে নিজের ত্রুটির কথা একান্ত আপন জনকেও তা বলে না।

২৮৩। সেইসব মানুষদের ব্যঙ্গ করে বলা হয় যারা কাল্পনিক কাজের চাপে সর্বদাই নিজেদের বিব্রত বলে মনে করে এবং এই ওজুহাতে প্রস্তাবিত কাজ করতে অক্ষমতা জ্ঞাপন করে।

২৮৪। সামর্থ্য ব্যতিরেকেই যারা সম্মান অর্জন করে, তাদের উদ্দেশে বলা হয়।

২৮৫। দরিদ্র ব্যক্তিদের কাছ থেকে সোনা রুপো আশা করা যায় না।

২৮৬। যখন কেউ সৌভাগ্যের অধিকারী হয়, তখন সকলে তার চারপাশে ভীড় করে এবং সৌভাগ্য সুখের অংশ ভোগ করে, কিন্তু যেই তার সৌভাগ্য অন্তর্হিত হয়, তখন সকলেই বলে—বিধি ওর প্রতি বাম, আর তাতে সকলে তাকে পরিত্যাগ করে চলে যায়।

২৮৭। ধার্মিক ব্যক্তি ধর্মীয় কর্মাদিতে নিযুক্ত থাকায় অথবা রোগগ্রস্ত রোগের কারণে নিদ্রাসুখ ভোগ করতে পারে না।

২৮৮। নিজের বিবেচনা বোধের অভাবে কেউ যখন অকারণে কোনো সমস্যায় জড়িয়ে পড়ে, তখন তার উদ্দেশে বলা হয়।

২৮৯। প্রতিদিন কোনো কাজ করলে তা শীঘ্রই সমাপ্ত হয়, বিপরীতক্রমে বিরতি দিয়ে সেই কাজ করলে অগ্রগতি বাধাপ্রাপ্ত হয়।

২৯০। ত্রুটিপূর্ণ উদ্যমে যদি কোনো কাজের ক্ষতি হয় বলা হয়, যেমন পরিচর্যার অভাবে গোঁফ বাঁকা হয়ে বেড়ে ওঠে।

২৯১। শ্রমবিমুখতার কারণে যখন কোনো ব্যক্তি নিজের ব্যাপারের ক্ষতিসাধন করে, যেমন কুঁড়ে মানুষ আলস্যবশতঃ তার গোঁফে ফলের টুকরো পড়লে তা পরিষ্কার করা দূরে থাকুক, খেয়ে নেয়।

২৯২। যখন কেউ যে বিষয়ে তার নিজের মনোযোগী হওয়া উচিত সেই বিষয়কে অবজ্ঞা করে অথচ অন্যেরা সেই বিষয়ে গভীরভাবে মনোযোগী, তখনই বলা হয়।

২৯৩। বিপর্যয় আসার পূর্বে মানুষ খুবই উদ্বিগ্ন এবং ভীত হয়, কিন্তু সত্য সত্যই যখন বিপর্যয় উপস্থিত হয় তখন তা অসহ্য বলে আর প্রতিভাত হয় না।

২৯৪। ব্যাখ্যা প্রদত্ত হয়নি।

২৯৫। সামর্থ্যহীন ব্যক্তি যখন চেহারায় আকর্ষণীয় বলে প্রতিভাত হয়, বলা হয়।

২৯৬। যখন মানুষ সামর্থ্যহীন হওয়া সত্ত্বেও সর্বপ্রকারে নিজের দারিদ্র্যকে গোপন করতে চেষ্টা করে এবং জগতে নিজের একটি সম্মানিত স্থান অধিকারে সচেষ্ট হয়, বলা হয়।

২৯৭। যখন মানুষকে অর্থহীন পরিশ্রম করতে হয় বলা হয়, যেমন কারো ঘাড়ে যদি পরী চাপে তাকে বহন করতে হয় তেমনি।

২৯৮। কোনো একটা ব্যাপারে প্রয়াস করে যদি শ্রেয়ঃতর কিছু লাভ হয়, তখন উক্ত হয়।

২৯৯। যে লক্ষ্যে উপনীত হতে মানুষ প্রয়াসী হয়, সেই লক্ষ্যে উপনীত হবার আশা থাকা পর্যন্ত নিরাশ অথবা প্রয়াসহীন হতে নেই।

৩০০। যখন কেউ চালাকি এবং শঠতার মাধ্যমে লাভবান হয়, অন্যকে প্রতারিত করে।

৩০১। অভিযোগকারীর মত শারীরিক বা মানসিক ক্লেশের অভিজ্ঞতা অন্য কারো থাকে না।

৩০২। দীর্ঘদিনের প্রশ্রয়ে যখন অন্যের শত্রুতা এবং ক্ষতিসাধনে লিপ্ত ব্যক্তি শেষ পর্যন্ত খোলাখুলিভাবে ধরা পড়ে তখন তাকে ভয় দেখাতে বলা হয়।

৩০৩। সকলেই সহায়তা করতে প্রবৃত্ত হয় কিন্তু নিজের আশ্রয়ী বন্ধুদের সহায়তা করার ব্যাপারে আংশিক প্রয়াস করে মাত্র।

৩০৪। যে ব্যক্তি অভাব অথবা প্রাচুর্য দুই অবস্থাতেই বাঁচতে জানে, ভাগ্যের সব পরিবর্তনকেই সে সহ্য করতে সক্ষম।

৩০৫। বিবেচনাবোধের অভাবের জন্য যখন কেউ নিজের স্বার্থের পক্ষে প্রতিকূল কোনো কার্যে প্রবৃত্ত হয়।

৩০৬। যখন অসঙ্গতভাবে কেউ প্রতারিত হয় অথবা মন্দ আচরণের সম্মুখীন হয়, সর্বশ্রেষ্ঠ ন্যায়ানুবর্তী আচরণের সাহায্যেও সৌভাগ্য অর্জিত হয় না যদি কিনা তা মন্দ ব্যক্তির সঙ্গে সংশ্লিষ্ট হয়।

৩০৭। বিখ্যাত এবং সম্মানিত বংশের বংশধররা যখন খারাপ সময়ে অবজ্ঞা এবং অবিচার লাভ করেন তখন দুঃখ করে বলা হয়।

৩০৮। সামান্য বিপদেই যারা দিশেহারা হয়ে পড়ে, অথচ বিরাট বিপর্যয়েও যখন অন্যরা স্থৈর্য রক্ষা করে চলে, তখন কথিত হয়।

৩০৯। যখন কেউ কোনো বিষয়ে অবাস্তব এবং বিকৃত কোন সিদ্ধান্ত চাপিয়ে দেয় তখন তার উদ্দেশে ব্যঙ্গ করে বলা হয়।

৩১০। উপার্জন করা সত্ত্বেও বেহিসাবীর মত খরচ করার, কিংবা অবিবেচকের মত অন্যদের দান করায় যখন কেউ নিঃস্ব হয়, বলা হয়।

৩১১। যে স্থানে ভাল-মন্দ সব ধরনের মানুষের অবাধ যাতায়াত সেই রকম স্থান সম্পর্কে প্রযোজ্য।

৩১২। ব্যাখ্যা প্রদত্ত হয়নি।

৩১৩। আশান্বিত ব্যক্তিকে যখন বৃহত্তর আশা দিয়ে কেবলই আশাহত করা হয়।

৩১৪। যখন কোনো ঘটনার প্রতিবিধান সম্ভব নয়, তখন সেই ঘটনাকে স্বীকার করে নেওয়াই ভাল।

৩১৫। মিথ্যা প্রলোভনে অন্যকে প্রতারিত করলে উক্ত হয়।

৩১৬। প্রতিটি মন্দকার্যের স্বাভাবিক এবং উপযুক্ত পরিণতি লাভের জন্য প্রস্তুত থাকা উচিত।

৩১৭। ব্যক্তি অথবা বস্তু যতই ভাল এবং উচ্চাঙ্গের হোক, কিছু ত্রুটি বা অসম্পূর্ণতা তাদের থাকবেই।

৩১৮। যখন পাপিষ্ঠ ব্যক্তি উত্তম জিনিষ ভোগ করে।

৩১৯। যখন অকল্পনীয় ভাবে শারীরিক বা মানসিক ক্লেশের সৃষ্টি হয়, অথবা আকস্মিকভাবে মৃত্যু বা নির্মম কোন ঘটনা ঘটে কথিত হয়, পাপের পরিণতিতে অমঙ্গল ঘটবে এই নির্দেশ হিসাবেও ব্যবহৃত হয়।

৩২০। ক্ষতি বা যা অর্থহীন তাকে অন্যের স্বার্থে ত্যাগ বলে ভনিতা

করলে বলা হয়, খই উড়ে গেলে যেমন তাকে দেবতার উদ্দেশে উৎসর্গ করা হয়।

৩২১। কোনো কাজ সম্পাদনের জন্য সামান্য অবকাশ থাকা পর্যন্ত যখন সেটি স্থগিত রাখা হয় বা অবহেলিত হয়, বলা হয়।

৩২২। মানসিকভাবে অপ্রসন্ন ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য, যারা অন্যের ক্ষতি-সাধনে আগ্রহী কিন্তু উপকার করার ব্যাপারে আগ্রহী নয়।

৩২৩। নৈতিক দিক দিয়ে দূষিত যে সব ব্যক্তি অন্যের ভাল করতে পারে না কিন্তু প্রকৃতিগত কারণে নিছক মন্দকরার মানসিকতা থেকে ক্ষতি সাধনে প্রবৃত্ত হয় তাদের ক্ষেত্রে প্রযোজ্য।

৩২৪। পৃথক ব্যাখ্যা প্রদত্ত হয় নি।

৩২৫। দুটি প্রবাদেই সেইসব লোকেদের কথা বলা হয়েছে যারা যাদের দ্বারা উপকৃত অথবা যাদের সমর্থনপুষ্ট তাদের মঙ্গল যাচঞা করে।

৩২৬। মন্দ লোককে যতই কেন দয়া দেখান হোক, তার কাছ থেকে কখনই দয়া পাওয়া যায় না।

৩২৭। যখন প্রয়াস হয় লাভহীন এবং পরিশ্রম ব্যর্থ হয় তখন বলা হয়।

৩২৮। যে উপকার করতে পারে, সে ক্ষতিও করতে পারে, অথবা যে বড় কাজ করতে পারে, ছোট কাজও তার দ্বারা সম্ভব।

•৩২৯। অন্যের মঙ্গল দেখে কখনও হিংসা করা উচিত নয়।

৩৩০। যখন কারো ভাগ্য অশুভ গ্রহের দ্বারা চালিত হয়, তখন যা নাকি তার আয়ত্তে থাকে তাও ক্ষতির শিকার হয়।

৩৩১। নিজ কর্মের উপযুক্ত ফলভোগ ঘটলে উক্ত হয়।

৩৩২। রাজকীয় সম্পদও অমিতব্যয়িতার ফলে কিংবা নিকৃষ্ট উপায়ে ব্যয় করায় নিঃশেষিত হয়।

৩৩৩। যখন কেউ নিজের সংসারই অতিকষ্টে পালন করে, তার ওপর যদি অন্য আর এক দায়িত্ব ন্যস্ত করার প্রয়াস হয়, বলা হয়।

৩৩৪। যখন কেউ যে কোনো ভাবে জীবন ধারণ করে তখন বলা হয়।

৩৩৫। কোনো জিনিষ যদি ভাঙ্গে অথবা তার ক্ষতি হয়, তবে সেটিকে যত্ন করে রক্ষা করতে হয় সারানোর জন্যে।

৩৩৬। আমি তোমাকে প্রতিটি কৌশলে এবং বুদ্ধিমত্তায় পরাস্ত করি।

৩৩৭। যে অবস্থা বা বৃত্তি একজনের পক্ষে উপযুক্ত, সেটাই তার পক্ষে মহান, তাই তার কর্তব্য এই অবস্থা বা বৃত্তিকেই সর্বোচ্চ গুরুত্ব দান।

৩৩৮। একেবারে নিম্নশ্রেণীর থেকে সকলেই নিজেদের বাড়ীর ব্যাপারে সর্বোচ্চ ক্ষমতার অধিকারী।

৩৩৯। মানুষের চরিত্র এবং মেজাজ বাহ্য অনেক নিদর্শন থেকেই পার্থক্য করা যায়।

৩৪০। দরিদ্র হয়েও যে বিপরীত ধারণা সৃষ্টির জন্য প্রতারণামূলক হাবভাব করে।

৩৪১। নিজেকে ধার্মিক প্রতিপন্ন করতে যে নাকি নিরন্তর প্রয়াস চালায় এবং যে প্রয়াস প্রতারণামূলক এবং কপট।

৩৪২। যখন কেউ অন্যের বৃত কৌশলে উপকৃত হয়ে পরে কৌশলকারীর নিন্দায় মুখর হয় বলা হয়।

৩৪৩। যখন মুখ্য ব্যক্তি স্বয়ং উপস্থিত থেকে কোনো ব্যাপারের তদারকি না করে অধীনস্থদের ওপর এই দায়িত্ব ছেড়ে দেন, দেখা যায় ব্যাপারটি যথোচিত গুরুত্ব পায় না।

৩৪৪। যখন কেউ গুরুতর বিপর্যয়ের উপস্থিতিতে ভীত না হয়ে তার সম্ভাবনাতে অধিকতর ভীত হয় বলা হয়।

৩৪৫। মানুষ যা কিছু সামর্থ্য লাভ করে, তা স্রষ্টার কারণেই।

৩৪৬। মানুষ যখন মনুষ্যকৃত আইনে এবং দৈবের বিড়ম্বনায় কষ্ট পায় বলা হয়।

৩৪৭। ব্যক্তিবিশেষের ত্রুটির সন্ধানে যখন অনেকের মন্দ প্রয়াস যুক্ত হয়।

৩৪৮। শয়তান যতই অপরাধ করুক, এক সময়ে তার শাস্তি হবেই।

৩৪৯। প্রকৃত কোনো উপকার বা সাহায্য না করে যখন কেউ শুধু মিষ্টি কথা বলে, বলা হয়।

৩৫০। যে কোনও কাজেই নিযুক্ত হওয়া যাক, কিছু অসুবিধা এবং অবাঞ্ছিত ব্যাপার ভোগ করতেই হয়।

৩৫১। মিথ্যা চিরকাল ঢাকা থাকে না।

৩৫২। কামুক ব্যক্তি মিতাচারিতা দেখাতে অল্প পোশাক পরে শীতে কষ্ট পায়, অল্প আহার করে ক্ষুধার জ্বালায় ভোগে।

৩৫৩। যারা অপরিহার্য বিষয়কে অবজ্ঞা করে অপেক্ষাকৃত লঘু বিষয়ে নিজেদের ব্যস্ত রাখে, তাদের উদ্দেশে বলা হয়।

৩৫৪। পার্থিব বিষয়ে প্রচন্ড আকর্ষণ থাকা সত্ত্বেও যে ওপর থেকে নিরাসক্ত ভাব দেখায়।

৩৫৫। যে ব্যক্তি বিপদে পড়ে পরিত্রাণ লাভের আশায় সর্বস্ব ত্যাগ করে।

৩৫৬। অকারণে যখন কেউ কারো উপর ক্রুদ্ধ হয়, বলা হয়।

৩৫৭। কঠিন পরিশ্রমের পর যখন কোনো প্রয়াস ফলবতী হতে শুরু করে, তখন যদি কেউ নতুন কোনো বিপত্তির সৃষ্টি করে বলা হয়।

৩৫৮। ভর্ৎসনা করে বলা হয়—যখন কেউ যার কর্মে নিযুক্ত, তার ওপরেই নিজের দোষ চাপায়।

৩৫৯। যে বিষয়ে যার আগ্রহ নেই তাকে যদি সেই বিষয়ের ঔচিত্য সম্পর্কে প্রশ্ন করা হয়, স্বভাবতঃই সে আপত্তি জানায়।

৩৬০। কোনো ব্যাপারে যাথার্থ্য নিরূপণের প্রস্তুত উপকরণ বা মাধ্যম থাকা সত্ত্বেও যখন কেউ চক্রাকার সিদ্ধান্তের আশ্রয় নেয়, বলা হয়।

৩৬১। মিথ্যা এবং জোচ্চুরির মাধ্যমে যা অর্জিত হয়, পাছে ধরা পড়ে যেতে হয় সেই ভয়ে তা আর ভোগ করা হয়ে ওঠে না।

৩৬২। নিঃশেষিত আয়ুষ্কালকে ঔষধ প্রয়োগে বর্ধিত করা যায় না।

৩৬৩। অবিবেচনা প্রসূত হয়ে যদি কেউ বিপদে লিপ্ত হয়, বলা হয়।

৩৬৪। লজ্জার ঘটনা মানুষ সাবধানতার সঙ্গে গোপন রাখে।

৩৬৫। পৃথক ব্যাখ্যা দেওয়া হয় নি।

৩৬৬। পূর্বের এবং এটির ব্যাখ্যায় বলা হয়েছে দ্রুত সম্পাদিত কাজের কোনো প্রতিকার নেই।

৩৬৭। যে নাকি একের উপস্থিতিতে তাকে খুশী করতে সচেষ্ট হয় কিন্তু তার অনুপস্থিতির সুযোগে ক্ষতি করে।

৩৬৮। বহু বিপদ এবং ক্ষতির সম্ভাবনা সংশ্লিষ্ট কোনো কাজের ওপর নির্ভরতা করলে বলা হয়।

৩৬৯। অক্ষম ব্যক্তি যখন এমন কাজে ব্রতী হয়, যাতে উপযুক্ত পরিমাণ সামর্থ্যের প্রয়োজন।

৩৭০। যখন কোনো শত্রুর শাস্তি বিধান করতে হয়, তখন তা কার্যকরী ভাঁবেই করা উচিত, আবার যখন কোনো মহৎ ব্যক্তির সেবা করার দরকার হয়, তখনও তা উৎসাহের সঙ্গেই করা প্রয়োজন। কোনো ক্ষেত্রেই অসম্পূর্ণ বা আংশিক প্রয়াস কাম্য নয়।

৩৭১। অক্ষম লোকের দ্বারা কোনো কিছুই সার্থকতা লাভ করে না। তাই যে কাজে যে যোগ্যতার প্রয়োজন তা না থাকলে সে কাজ না করাই শ্রেয়ঃ।

৩৭২। উত্তমরূপে সাধিত কাজের প্রসঙ্গে প্রযোজ্য, কারণ তা আর সহজে বিপর্যস্ত হয় না।

৩৭৩। বহুমুখী প্রতিভার অধিকারী কিংবা বহু বিষয়ে কুশলী ব্যক্তির প্রসঙ্গে উক্ত হয়।

৩৭৪। উদীয়মান খ্যাতির সকলেই সমাদর করে, অপরপক্ষে বিলীয়মান সৌভাগ্যের প্রতি সকলের অবজ্ঞার ভাব প্রকাশ পায়।

৩৭৫। মন্দ কাজ কখনই চাপা থাকে না।

৩৭৬। বিমূঢ় ব্যক্তি, যে নাকি কি করা উচিত আর কি করা উচিত নয়, এ সম্পর্কে সিদ্ধান্ত নিতে পারে না, তার সম্পর্কে বলা হয়।

৩৭৭। যে ব্যক্তি প্রথম মন্দ কার্যের প্রয়াসী, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৩৭৮। শিশুদের যত্নপূর্বক শেখালে তা কাজে দেয়, কিন্তু বয়োবৃদ্ধি ঘটলে পরিশ্রম ব্যর্থ হয়।

৩৭৯। পরিণামদর্শী এবং বিচক্ষণ ব্যক্তি অন্যের প্ররোচনায় কখনও মন্দ কার্যে ব্রতী হয় না।

৩৮০। পিতার তুলনায় পুত্র অধিকতর চতুর বলে বলা হয়।

৩৮১। অত্যন্ত দুঃস্থ ও হীন ব্যক্তি অসুস্থ অবস্থায় তার চিকিৎসকের দ্বারা পথ্যের সংস্থান করে।

৩৮২। যে ব্যক্তি নিজেই নিজের কুপ্রবৃত্তির উত্তেজক এবং কুপ্রবৃত্তির কারণে দুঃখ ও বিপদ ভোগ করে তার ক্ষেত্রে প্রযোজ্য।

৩৮৩। মন্দ ব্যক্তিরা সাময়িক ভাবে সাফল্যের অধিকারী হলেও পরিণামে শোচনীয় ভাবে কষ্ট পায়, কিন্তু ভাল মানুষ সর্বদাই সুখী থাকে।

৩৮৪। যখন নীচ জিনিষকে ভাল কোনো কিছুর সঙ্গে তুলনা করা হয়।

৩৮৫। যখন কেউ কোনো অন্যায় গোপনে করে, সে যখনই দেখে দ্বিতীয় কোনো ব্যক্তি তৃতীয় কারো সঙ্গে কথা বলছে, ভাবে বুঝিবা তার অন্যায় ফাঁস করে দেওয়া হচ্ছে।

৩৮৬। মন্দের সংস্পর্শে ভালোও মন্দ হয়।

৩৮৭। কৃপণ ব্যক্তি নিজের জীবন বিপন্ন করেও যা সঞ্চয় করে তা চুরি ডাকাতিতে কিংবা বিচারালয়ের শাস্তি স্বরূপ জরিমানায় ব্যয়িত হয় কিন্তু নিজে ভোগ করে না।

৩৮৮। যারা সাক্ষাতে প্রবঞ্চনা করতে ভালবাসার কথা বলে কিন্তু চোখের আড়াল হলেই তথাকথিত ভালবাসার পাত্রকে বিস্মৃত হয় তাদের বলা হয়।

৩৮৯। এক সঙ্গে বসবাসকারী যারা কিংবা যাদের মধ্যে প্রায়ই মেলামেশার সুযোগ হয়, তাদের মধ্যে মাঝে মাঝে সংঘাত ঘটেই।

৩৯০। ভিক্ষা কিংবা কর্মের অনুরোধ প্রত্যাখ্যাত হলে প্রত্যাখ্যাত ব্যক্তির দ্বারা উক্ত হয়।

৩৯১। উৎসাহ দিয়ে একজনকে দুরূহ কর্মে ব্রতী করে তারপর যখন তাকে নিরাশ করা হয় বলা হয়।

৩৯২। যে বন্ধু হতে চায় না, তাকে যতই কেন সদিচ্ছা অথবা দয়া দেখান হোক, বন্ধুত্বের হাত প্রসারিত করে না।

৩৯৩। মুখে যে অনেক আশা ভরসার কথা বলে কিন্তু কাজে কিছুই করে না, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৩৯৪। যে ব্যক্তির কাছে দুঃখের কথা জানান সত্ত্বেও সহানুভূতি কিংবা সান্ত্বনা জানায় না, তার প্রসঙ্গে উক্ত হয়।

৩৯৫। পরিচিত কিংবা আত্মীয়ের তুলনায় কোনো আগন্তুক যদি নিজেকে

বেশী শুভাকাঙ্ক্ষী রূপে জাহির করে তবে তাকে ঠক বলেই গণ্য করা উচিত।

৩৯৬। দুর্দিনে যখন কেউ তার বন্ধুর কাছ থেকে রূঢ় কথা শোনে বা আচরণ দেখে, তার দুর্দিন ঘুচে যাবার পরেও এই কথা বা আচরণ স্মৃতিতে থেকে যায়।

৩৯৭। পাপের সাহায্যে যা লব্ধ হওয়া যায়, আইনানুগ শাস্তি অথবা ঘুষেই তা নিঃশেষিত হয়।

৩৯৮। ক্ষমতায় অধিষ্ঠিত হলেই মানুষ অত্যাচারী হয়।

৩৯৯। কোনো আত্মীয় বা বন্ধু যখন অপরাধ করে তখন মানুষ তা গোপনে রাখে, নতুবা তার দায় নিজের ওপর এসে পড়ে।

৪০০। যেখানে বিখ্যাত ব্যক্তিদের অনুপস্থিতি ঘটে, সেখানে নগণ্য ব্যক্তিরাই গুরুত্ব লাভ করে।

৪০১। উপযুক্ত ভাবে তদারক করার কেউ না থাকলে তা সাফল্যমণ্ডিত হয় না কোনো কালে।

৪০২। পাপাত্মাদের যতই সমর্থক থাক, শেষে তারা লক্ষ্যভ্রষ্ট হয়ই, তেমনি সুনাম আছে যার তার যতই শত্রু থাক শেষ পর্যন্ত সে জয়লাভ করেই।

৪০৩। পৃথকভাবে আলোচিত হয়নি।

৪০৪। একবার যার দ্বারা কেউ ক্ষতিগ্রস্ত হয় তার নামেই পরবর্তীকালে তাকে ভীত হতে দেখা যায়।

৪০৫। পরিণামদর্শী সৎ পরামর্শ সহজেই গ্রহণ করে, যেমন ভাল ঘোড়াকে এক চাবুকেই ছোটানো যায়।

৪০৬। দয়া এবং উপচিকীর্ষা যেখানে সদ্‌গুণাবলীর মধ্যে শ্রেষ্ঠ, পাপের মধ্যে তেমনি সর্বোচ্চ স্থান হল হিংসার।

৪০৭। সুখ ও দুঃখ দুইই ক্ষণস্থায়ী, প্রতিটিই ঘুরে ফিরে আসে।

৪০৮। অধিকাংশ সময়েই ঊর্ধ্বতন ব্যক্তির ব্যক্তিগত উপস্থিতির তুলনায় তাঁর নামেই কাজ হয়, যেমন ভগবানের অবতাররূপে আত্মপ্রকাশ বন্ধ হলেও তিনি নামেই পূজিত হন।

৪০৯। যে সব ব্যক্তি কোনো কোনো ক্ষেত্রে অক্ষম, অভ্যাসের দ্বারা তারা কোন এক বা একাধিক বিষয়ে পারদর্শী হয়ে উঠতে পারে, তুলনায় যারা সৌভাগ্যবান তারা কিন্তু তেমন হয় না।

৪১০। মানুষের বাহ্য আকার বা আবরণেই বোঝা যায় কে চতুর বা বোকা।

৪১১। যারা নীচ অবস্থায় পড়েও মনের স্বাভাবিক প্রসন্নতা বজায় রাখে এবং মহৎ পরিণামের আশা রাখে, বিপরীতক্রমে আপাতভাবে সাধুর

ভাব দেখিয়ে যারা গোপনে অন্যায় কর্মে প্রশ্রয় দেয়—উভয় ক্ষেত্রেই প্রযোজ্য।

৪১২। যার সুনামে একজন উপকৃত ও সাহায্যপ্রাপ্ত, তারই যখন সে ক্ষতি সাধনে প্রবৃত্ত হয়।

৪১৩। অধীন ব্যক্তির সম্মান ও খ্যাতি কখনই তার ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অতিক্রম করে না।

৪১৪। নীচ ব্যক্তি যখন পদস্থ ব্যক্তির ক্ষতি সাধনে লিপ্ত হয়, সে সাময়িক ভাবে তার কিছু ক্রোধের সৃষ্টি করে মাত্র, কিন্তু বড় কিছু ক্ষতি করতে পারে না।

৪১৫। মন্দের সঙ্গে ভালোর অসম তুলনা।

৪১৬। শয়তান ব্যক্তিরা গোপনে অন্যায় করে আর এই বলে জোর পায় যে কেউই তাদের অন্যায় দেখেনি।

৪১৭। সামান্যতম উপকার পেলেও উপকারীর প্রতি যথোচিত শ্রদ্ধা নিবেদন কর্তব্য, ক্ষুদ্র ভূখণ্ডের প্রধানও উপযুক্ত সম্মান লাভের অধিকারী, যৎসামান্য ঋণের জন্যও ঋণদাতার প্রতি শ্রদ্ধা প্রদর্শন কর্তব্য।

৪১৮। লাভের আশায় পাপ কাজ করেও যখন আশানুরূপ ফললাভ করার পরিবর্তে বদনামের ভাগী হতে হয়, বলা হয়।

৪১৯। অযোগ্য ব্যক্তি যদি কোনো কাজে ব্রতী হয় তবে সেক্ষেত্রে সে তার আত্মীয় বন্ধুদের অপমানকেই সুনিশ্চিত করে।

৪২০। কোনো বিষয়ে যার কাছ থেকে প্রয়োজনীয় তথ্য বা শিক্ষা লাভ ঘটেছে, তাকেই যখন শিক্ষালাভকারী অসম্মান করে বলা হয়।

৪২১। জন্ম যেখানেই হোক তাতে কিছু যায় আসে না, আসল ব্যাপার মানুষের চরিত্র ও আচরণ প্রশংসনীয় কিনা।

৪২২। ভাল মন্দের বিচার না করে শুধুমাত্র লাভের কথা ভাবলে বলা হয়।

৪২৩। ঊর্ধ্বতন কেউ ক্রোধের বশবর্তী হয়ে যদি সম্মানিত কাউকে গালিগালাজ করেন সাধারণ মানুষ তখন ভীত হয়ে পড়ে।

৪২৪। উৎকর্ষ অথবা সামর্থ্যের অভাব যার, তাকে কখনও সম্মানিত ব্যক্তিদের সমাজে ঠাঁই দেওয়া হয় না।

৪২৫। অন্যের অবকাশের কথা বিবেচনা না করেই যখন মানুষ নিজের বাসনা পূরণে আগ্রহী হয়, যেমন নাপিতকে সামনে দিয়ে যেতে দেখেই যখন তার অন্য কোথাও কাজ আছে কিনা না জেনেই কেউ তার নখ কাটতে তাকে পীড়াপীড়ি করে।

৪২৬। যে ব্যক্তি নীচ সামর্থ্যের অধিকারী হয়েও জাঁকজমকপূর্ণ পরিচ্ছদ

ব্যবহার করে, যে নির্বোধের মতো অসামর্থ্যকে ঢাকতে জাঁক দেখায়, তার ক্ষেত্রে বলা হয়।

৪২৭। কেউ যদি কারো তীব্র মানসিক আঘাতের কারণ হয়, তবে সেই আঘাত সাময়িক ভাবে বিস্মৃত হওয়া সম্ভব হলেও ভবিষ্যতে স্মৃতিতে তা জাগরূক হয়ে উত্তেজনার সৃষ্টি করে।

৪২৮। কারো কাছ থেকে কোনো গুরুত্ব না পেয়েও যখন কেউ নিজেকে গুরুত্বপূর্ণ ব্যক্তি বলে জাহির করতে সচেষ্ট হয়।

৪২৯। গোপনে কৃত পাপ জগতের অন্য সকলের কাছে অজানা থাকলেও দেবতার কাছে তা অজ্ঞাত থাকে না।

৪৩০। মানুষ সেইসব মানুষের সঙ্গেই ঘনিষ্ঠতা করে যাদের সঙ্গে সাদৃশ্য আছে।

৪৩১। দোষী ব্যক্তির শাস্তি যখন নির্দোষ ব্যক্তির ওপর অনিচ্ছাকৃতভাবে ন্যস্ত হয়, বলা হয়।

৪৩২। অলস এবং অদক্ষ হওয়া সত্ত্বেও অল্প লাভ এবং স্বল্প বেতনের জন্য যে ব্যক্তি অসন্তুষ্ট তার ক্ষেত্রে প্রযোজ্য।

৪৩৩। প্রয়োজনীয় কাজ অবহেলা করে যখন অপ্রয়োজনীয় অথবা কম গুরুত্বপূর্ণ কাজে কেউ ব্রতী হয়, অথবা যৎসামান্য খাইয়ে যারা ব্যয় বাহুল্যের গর্ব করে, তাদের উদ্দেশে বলা হয়।

৪৩৪। সকলেই বৈপরীত্যের অধীন ; দরিদ্র ধনী হয়, ধনী হয় দরিদ্র ; নৌকা কখনও গাড়ী বহন করে আবার গাড়ী কখনও নৌকা বহন করে নিয়ে যায়।

৪৩৫। দিব্বি ভাল অবস্থায় থাকতে থাকতে যখন হঠাৎ করে বিপর্যয়ের সম্মুখীন হতে হয় বলা হয় এটি।

৪৩৬। পৃথক কোন ব্যাখ্যা প্রদত্ত হয়নি।

৪৩৭। পূর্বের এবং এটির অর্থ হল যখন কেউ অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা করে অথবা অভিপ্রেতের তুলনায় শ্রেয়ঃতর বিষয়ের যখন সাক্ষাৎলাভ ঘটে।

৪৩৮। অতি সাধারণ মানুষ যখন অসাধারণ বিষয়ে কথা বলে কিংবা গুরুতর বিষয়ে আবেদন করে।

৪৩৯। অতি নগণ্য অবস্থার হয়েও যদি কেউ নিজেকে সম্পন্ন ব্যক্তি বলে অহংকার প্রকাশ করে।

৪৪০। যখন কোন মন্দ ব্যক্তি কোনো মন্দ কার্যের প্রয়াস করে এবং শাস্তি লাভ করে অথচ নিজের দুর্ভাগ্যের কথা প্রকাশ করতে সাহস পায় না।

৪৪১। যে ব্যক্তি এই বলে নিজেকে সমর্থন জানায় যে সে ধৈর্য সহ তার প্রতিকূল অবস্থা ভোগে রত।

৪৪২। অন্যায় করেও বন্ধুদের কাছে ক্রোধ সহ যে তার দায়িত্ব অস্বীকার করে।

৪৪৩। মন্দ লোক মন্দ উপায়ে উল্লেখযোগ্য পরিমাণে লাভের পরও পুনরায় লাভের বাসনাকে বৃদ্ধি করলে বলা হয়।

৪৪৪। যে ব্যক্তি অপরের অনুগ্রহ লাভের সময় নিজের সদ্‌গুণাবলীর প্রকাশ ঘটায়, তারপর স্বার্থ সিদ্ধির পর যখন উপকারীর ক্ষতি-সাধনে রত হয় তার ক্ষেত্রে বলা হয়।

৪৪৫। কুকুরকে আদর দিলে সে স্বাধীন হয়ে ওঠে, তেমনি নীচ ব্যক্তির সঙ্গে ভাল ব্যবহার করলে ভাল ব্যবহারকারীর প্রতি সম্ভ্রম সূচক আচরণ না করে তাকে নিজ গোষ্ঠীয় মনে করে সেরূপ ব্যবহার করে।

৪৪৬। যখন লাভের আশায় কেউ কোনো কাজে ব্রতী হয়ে ক্ষতির সম্ভাবনায় তা থেকে বিরত হয়।

৪৪৭। অসাধুতা করতে অসমর্থ হওয়ার কারণে যে সাধুতার ভান করে।

৪৪৮। অর্বাচীন হয়েও যে নিজেকে প্রবীণ বলে দেখায়।

৪৪৯। ভাল মানুষের পদাঙ্ক অনুসরণ করলে নিশ্চিতভাবে সৌভাগ্যের অধিকারী হওয়া যায় এবং পণ্ডিত ব্যক্তির সুনাম অর্জন করা যায় অন্তর্দৃষ্টি এবং সঠিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বলে।

৪৫০। চতুর মানুষ শঠতার অনুশীলন করলেও অন্যের ঘাড়ে দোষ চাপাবার মতলব করে।

৪৫১। বিখ্যাত এবং শয়তান ব্যক্তিকে বহিরঙ্গ ভাবে যখন এক দেখতে লাগে কিংবা তারা যদিও একত্রে বসবাস করে, তবু অন্তরঙ্গ বিচারে উভয়ের মধ্যেকার পার্থক্য অপরিসীম।

৪৫২। যারা সাধুতা এবং উৎকর্ষ দেখানোর জন্যে বড় বেশি প্রয়াস করে সাধারণত অন্তরে অন্তরে তারা অতিমাত্রায় অসাধু হয়।

৪৫৩। অনেকের কাছ থেকে যৎকিঞ্চিৎ করে পেলেও সব মিলিয়ে একজনের অনেকখানিই হয়।

৪৫৪। বোকার ভালর জন্যই যদি কেউ তাকে ন্যায্য কথা বলে, বোকা ক্ষেপে যায়।

৪৫৫। সাঙ্ঘাতিক দরিদ্র হয়েও যে আড়ম্বর প্রদর্শন করতে চায়।

৪৫৬। সেইসব বোকা অথবা কপর্দকহীন ব্যক্তিদের প্রসঙ্গে বলা হয়েছে যারা জ্ঞানী এবং সম্পন্ন ব্যক্তিদের অনুকরণ করতে গিয়ে নিজেদের ধ্বংস ডেকে আনে।

৪৫৭। উৎকৃষ্ট ঘোড়া চেনা যায় যেমন কান দেখে, তেমনি একজন কতখানি বদান্য এবং সভ্য তা জানা যায় তার উপহৃত দ্রব্য দেখে।

৪৫৮। সেইসব নির্বোধ লোকদের কথা বলা হয়েছে যারা বিচার বুদ্ধি ক্ষমতার অধিকারী না হয়েও সব কাজ করতেই সচেষ্ট হয়, যেমন ক্ষুধার্ত পাখী দেবতার উদ্দেশে প্রদত্ত সব নৈবেদ্য ঠোকরায় এমনকি যা তার ভক্ষণের উপযুক্ত নয়।

৪৫৯। পরিষ্কার পোশাকে সামান্য দাগও যেমন চোখে পড়ে, তেমনি ভাল লোকের সামান্যতম ত্রুটিও পার্থিব মানুষের দৃষ্টি এড়ায় না।

৪৬০। কোনো কাজে নেমে বাধার সম্মুখীন হয়ে বিরত হওয়ার পরিবর্তে অধিকতর প্রয়াসে তা সম্পন্ন করা কর্তব্য।

৪৬১। যখন ওপরতলার মানুষ কোন অন্যায় করে, তখন তার অধীন ব্যক্তিরা আর এমনতর মানুষ সম্পর্কে শ্রদ্ধা পোষণ করে না কিংবা এই ধরণের মানুষের সুনাম তখন তার অধীন ব্যক্তিদের ক্ষমতাধীন হয়।

৪৬২। বিশাল খরচের পর যখন অবাঞ্ছিত ফল লাভ ঘটে বলা হয়।

৪৬৩। লাভের আশায় থেকে যখন কেউ ক্ষতির সম্মুখীন হয়।

৪৬৪। বদমায়েস ব্যক্তিকে কথায় বা কাজে রাগিয়ে দিয়ে যখন কেউ নিজের ক্ষতিকে আবাহন করে আনে বলা হয়।

৪৬৫। যে যাতে অভ্যস্ত, তা তার কাছে কষ্টসাধ্য বলে বোধ হয় না।

